

একই নম্বর ও তারিখের আদেশের স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১৪-৫৩৭

তারিখঃ ২৩.০৮.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ নাহিদ ই-সুবহা (১১৪৭৬০), প্রভাষক (ল্যাবঃ মেডিসিন), ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি, মহাখালী, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, সরকারী আউটডোর ডিসপেনসারী (জিওডি), উত্তরা, ঢাকা) গত ০১.০৭.২০১০খ্রিঃ তারিখ হতে ১২.০২.২০১৩খ্রিঃ তারিখ পর্যন্ত 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৪.০৭.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১৪-৫৮৬নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমানিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এফলে, সেহেতু, ডাঃ নাহিদ ই-সুবহা (১১৪৭৬০), প্রভাষক (ল্যাবঃ মেডিসিন), ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০১(এক) বছরের জন্য ২০০৯ সালের জাতীয় বেতন স্কেলের টাকা ১১,০০০-৪৯০X৭-১৪৪৩০-ইবি-৫৪০X১১-২০৩৭০/- এর সর্বনিম্ন ধাপে অবনমিত করে তাঁর বেতন ১১,০০০/-টাকা নির্ধারণ করার শাস্তি আরোপ করা হল। এই শৃংখলিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। আদেশ জারির তারিখ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে। তাঁর ০১.০৭.২০১০ তারিখ হতে ০৯.১০.২০১০ তারিখ পর্যন্ত সময়কে কর্তব্যকাল হিসেবে গণ্য করা হলো। তাঁর ১০.১০.২০১০ তারিখ হতে ১২.০২.২০১৩ তারিখ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

গত ১০.১০.২০১০ তারিখ হতে ১২.০২.২০১৩ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে উক্ত সময়ে অবৈধভাবে স্বাস্থ্য অধিদপ্তরের ওএসডি পদের বিপরীতে বেতন গ্রহণ করায় তাকে বর্ণিত সময়ে উত্তোলিত বেতন ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১৪-৫৩৭/১(১৩)

তারিখঃ ২৩.০৮.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সিভিল সার্জন, ঢাকা/গাজীপুর।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর।
- ১১। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর।
- ১২। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৩। ডাঃ নাহিদ ই-সুবহা (১১৪৭৬০), প্রভাষক (ল্যাবঃ মেডিসিন), ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি, মহাখালী, ঢাকা।

(আসমা তাসকিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)